

## 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০০৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৪. ফর্য সালাত আদায়ের স্থানে নফল সালাত আদায় প্রসঙ্গে

باب فِي الرَّجُلِ يَتَطَوَّعُ فِي مَكَانِهِ الَّذِي صَلَّى فِيهِ الْمَكْتُوبَةَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ بْنُ نَجْدَةَ، حَدَّثَنَا أَشْعَتُ بْنُ شُعْبَةَ، عَنِ الْمِنْهَالِ بْنِ خَلِيفَةَ، عَنِ الْمَّزْرَقِ بْنِ قَيْسٍ، قَالَ صَلَّى بِنَا إِمَامٌ لَنَا يُكْنَى أَبَا رِمْثَةَ فَقَالَ صَلَّيْتُ هَذِهِ الصَّلَاةَ \_ أَقْ مِثْلَ هَذِهِ الصَّلَاةِ \_ مَعَ النَّبِيّ صلى الله عليه وسلم . قَالَ وَكَانَ أَبُو بَكْرٍ وَعُمَرُ يَقُومَانِ مِثْلَ هَذِهِ الصَّلَاةِ وَعَنْ يَسِلِهِ وَعَنْ الصَّلَاةِ وَعَمَرُ يَقُومَانِ فِي الصَّفَ الْمُقَدَّمِ عَنْ يَمِينِهِ وَكَانَ رَجُلٌ قَدْ شَهِدَ التَّكْبِيرَةَ الأُولَى مِنَ الصَّلَاةِ فَصَلَّى نَبِيُّ اللهِ صلى الله عليه وسلم ثُمَّ سَلَّمَ عَنْ يَمِينِهِ وَعَنْ يَسَارِهِ حَتَّى رَأَيْنَا بَيَاضَ خَدَيْهِ ثُمَّ النَّكْبِيرَةَ الأُولَى مَنَ الصَّلَاةِ يَشْفَعُ فَوَتَبَ إِلَيْهِ عُمَرُ فَأَخَذَ بِمَنْكِبِهِ فَهَزَّهُ ثُمَّ قَالَ اجْلِسْ فَإِنَّهُ لَمْ يَهْلِكُ أَهْلُ مِنَ الصَّلَاةِ يَشْفَعُ فَوَتَبَ إِلَيْهِ عُمَرُ فَأَخَذَ بِمَنْكِهِ فَهَزَّهُ ثُمَّ قَالَ اجْلِسْ فَإِنَّهُ لَمْ يَهْلِكُ أَهْلُ الْكَتَابِ إِلَا أَنَّهُ لَمْ يَكُنْ بَيْنَ صَلَوَاتِهِمْ فَصْلٌ . فَرَفَعَ النَّبِيُّ صلى الله عليه وسلم بَصَرَهُ الْكَتَابِ إِلَا أَنَّهُ لَمْ يَكُنْ بَيْنَ صَلَوَاتِهِمْ فَصْلٌ . فَرَفَعَ النَّبِيُّ صلى الله عليه وسلم بَصَرَهُ فَقَالَ " أَصَابَ اللهُ بِكَ يَا ابْنَ الْخَطَّابِ "

\_ ضعیف

قَالَ أَبُو دَاؤُدَ وَقَدْ قِيلَ أَبُو أُمَيَّةَ مَكَانَ أَبِي رِمْثَةَ

বাংলা

১০০৭। আল-আযরাক্ব ইবনু ক্বায়স (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমাদের ইমাম আবূ রিমসা (রাঃ) আমাদেরকে নিয়ে সালাত আদায় করলেন। তিনি বললেন, এ সালাত বা এরূপ সালাত আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে আদায় করেছি। তিনি আরো বললেন, আবূ বকর ও 'উমার (রাঃ) সামনের কাতারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ডান পাশে দাঁড়াতেন। উক্ত সালাতে এমন এক ব্যক্তিও উপস্থিত ছিলো



যিনি প্রথম তাকবীরেই সালাতে শামিল হতে পেরেছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করে তাঁর ডান ও বাম দিকে সালাম ফিরালেন। আমরা তাঁর গলার শুভ্রতা দেখতে পেলাম।

তারপর তিনি উঠে দাঁড়ালেন। যেমন আবূ রিমসা উঠে দাঁড়ালেন। অর্থাৎ তিনি নিজের কথাই বললেন। এ সময় প্রথম তাকবীরসহ সালাত পাওয়া ব্যক্তি দু' রাকআত নফল সালাত আদায়ের জন্য উঠে দাঁড়ালে 'উমার (রাঃ) তার দিকে ছুটে গিয়ে তার দুই কাঁধ ধরে সজোরে ঝাঁকুনি দিয়ে বললেন, বসো। কেননা আহলে কিতাবগণ এ কারণে ধ্বংস হয়েছে যে, তারা ফারয ও নফল সালাতের মাঝে কোন ব্যবধান করতো না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেদিকে তাকিয়ে বললেনঃ হে খাত্তাবের পুত্র! আল্লাহ তোমাকে দিয়ে সঠিক কাজ করিয়েছেন।[1]

দুর্বল।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, কোন বর্ণনায় আবূ রিমসা (রাঃ) এর স্থলে আবূ উমাইয়াহর (রাঃ) কথা রয়েছে।

## **English**

## Narrated Al-Azraq ibn Qays:

An imam of ours, whose kunyah (surname) was AbuRimthah, led us in prayer and said: I prayed this prayer, or one like it, with the Prophet (ﷺ). AbuBakr and Umar were standing in the front row on his right and there was a man who had been present at the first takbir in the prayer. The Prophet of Allah (ﷺ) offered the prayer, then gave the salutation to his right and his left so that we saw the whiteness of his cheeks, then turned away as AbuRimthah (meaning himself) had done.

The man who has been present with him at the first takbir in the prayer then got up to pray another prayer, whereupon Umar leaped up and, seizing him by the shoulders, shook him and said: Sit down, for the People of the Book perished for no other reason than that there was no interval between their prayers.

The Prophet (ﷺ) raised his eyes and said: Allah has made you say what is right, son of al-Khattab.

Abu Dawud said: Sometimes the name of Abu Umayyah is narrated instead of Abu Rimthah.

ফুটনোট



[1] আবৃ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন। হাদীসটি বায়হাক্কীও বর্ণনা করেছেন (২/১৯০) আবৃ দাউদের সূত্রেই, এবং হাকিম (১/২৭০) আবৃ দাউদ সূত্রে এবং তিনি বলেছেন হাদীসটি মুসলিমের শর্তে সহীহ, তবে তাঁরা এটি বর্ণনা করেননি। ইমাম যাহাবী বলেনঃ সনদের মিনহালকে ইবনু মাঈন দুর্বল বলেছেন এবং আশ আস এর মাঝে শিথিলতা আছে, আর হাদীসটি মুনকার।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন